

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম  
[www.a2i.gov.bd](http://www.a2i.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.৩১.০০১.২৩-৮১০

তারিখ:

২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
১৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: জাতীয় তথ্য বাতায়নের আওতায় সরকারি প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদে মডেল সাইটসমূহ অনুসরণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের ২১ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.২০৫ নম্বর স্মারক

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, বর্তমান সরকার ঘোষিত স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের ক্ষেত্রে জাতীয় তথ্য বাতায়ন ([www.banglaesh.gov.bd](http://www.banglaesh.gov.bd)) অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমানে ৩৪,২৫৬ টি সাইটের মাধ্যমে ৫২,০০০ এর অধিক সরকারি অফিস/প্রতিষ্ঠান/দপ্তর সংযুক্ত করা সম্ভব হয়েছে।


০২। জাতীয় তথ্য বাতায়নকে স্মার্ট বাংলাদেশের জন্য উপযোগী এবং অধিকতর গ্রহণযোগ্য করে গড়ে তোলার লক্ষ্যে সকল ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা জরুরি মর্মে প্রতীয়মান হয়। কিন্তু বাস্তবে ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করা হয়না। এ বিষয়ে এটুআই হতে নানামুখী উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। উদ্যোগের অংশ হিসেবে মন্ত্রণালয় ও তাঁর আওতাধীন সংযুক্ত অফিস/প্রতিষ্ঠানের ওয়েব সাইট হালনাগাদের ক্ষেত্রে নিম্নবর্ণিত মডেলসাইটসমূহ অনুসরণ করা যেতে পারে।

ক্রমিক	মডেল সাইট ক্যাটাগরি	মডেল সাইটের ওয়েব এড্রেস
১	ইউনিয়ন পর্যায়	<a href="http://www.maishadiup.chandpur.gov.bd">www.maishadiup.chandpur.gov.bd</a>
২	উপজেলা পর্যায়	<a href="http://www.jagannathpur.sunamganj.gov.bd">www.jagannathpur.sunamganj.gov.bd</a>
৩	জেলা পর্যায়	<a href="http://www.brahmanbaria.gov.bd">www.brahmanbaria.gov.bd</a>
৪	বিভাগ পর্যায়	<a href="http://www.rajshahidiv.gov.bd">www.rajshahidiv.gov.bd</a>
৫	অধিদপ্তর পর্যায়	<a href="http://www.dss.gov.bd">www.dss.gov.bd</a>
৬	মন্ত্রণালয়/বিভাগ পর্যায়	<a href="http://www.ictd.gov.bd">www.ictd.gov.bd</a>
৭	জেলা পর্যায়ের সরকারি অফিস পর্যায়	<a href="http://www.dss.meherpur.gov.bd">www.dss.meherpur.gov.bd</a>

০৩। এমতাবস্থায় মন্ত্রণালয় ও এর আওতাধীন/সংযুক্ত অফিস/প্রতিষ্ঠানের ওয়েব সাইট হালনাগাদের ক্ষেত্রে মডেল সাইটসমূহ অনুসরণ করার সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। এ বিষয়ে জনাব শ্যাম প্রসাদ ঘোষ, সহকারী প্রোগ্রামার, এটুআই প্রোগ্রাম (মোবাইল: ০১৭৪৬-৭৫৪৭৭৪, [shyam.ghosh@a2i.gov.bd](mailto:shyam.ghosh@a2i.gov.bd)) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

সচিব,  
সমন্বয় ও সংস্কার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
[দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা]

  
মোঃ মাসুম রশীদ ডুঞ্জা  
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)  
ফোনঃ ৫৫০০৬৯৩১  
ইমেইলঃ [pd@a2i.gov.bd](mailto:pd@a2i.gov.bd)

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.৩১.০০১.২৩-৮১০

তারিখ:

২৯ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ  
১৩ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (স্বৈচ্ছতার ক্রমানুসারে নয়)

১। সচিবের একান্ত সচিব (উপসচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

মোঃ মাসুম রশীদ ডুঞ্জা  
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)